


এককালের  
শিক্ষা নগরী  
ময়মনসিংহের  
স্কুলগুলো  
নিয়ে

বিশেষ অনুসন্ধানী প্রতিবেদন



ময়মনসিংহে মেয়েদের নামকরা স্কুল রাধা সুন্দরী



এডওয়ার্ড ইনস্টিটিউশন



মৃত্যুঞ্জয় স্কুল



সিটি কলেজিয়েট স্কুল

## ঐতিহ্যবাহী স্কুলের মরণদশা

কয়েকটি নতুনই ভরসা

বাবুল হোসেন, ময়মনসিংহ । শিক্ষা ব্যবস্থায় মারাত্মক ধস নেমেছে ময়মনসিংহের এমপিওভুক্ত বেসরকারী শীর্ষস্থানীয় স্কুলগুলোতে । শিক্ষক নিয়োগে দুর্নীতি, ব্যবস্থাপনা কমিটির নুটপাট অযাচিত হস্তক্ষেপ ও রাজনৈতিক ঋণদারসহ শিক্ষা নিয়ে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গী শিক্ষকদের মধ্যে কোন্দল দলাদলি, কোচিং বাণিজ্য ও প্রাইভেট টিউশনি প্রবণতার কারণে এই ধসে ডুবতে বসেছে এক সময়কার নামকরা স্কুলগুলো । এতে করে শিক্ষানগরী বলে খ্যাত

ময়মনসিংহের প্রতিষ্ঠিত স্কুলগুলোতে দেখা দিয়েছে চরম বিপর্যয় ও বিশৃঙ্খলা । শিক্ষার্থী-সঙ্কটের সঙ্গে এসএসসির ফল বিপর্যয়ের কারণে-এসব স্কুল এখন মৃত্যুর প্রহর গুনছে । স্থানীয় সূত্রগুলোর দাবি, এমন সুযোগে রাতারাতি পাড়ায় মহল্লায় গজিয়ে উঠেছে অনুমোদনবিহীন কোচিং নির্ভর ব্যক্তি মালিকানাধীন অসংখ্য উইফোড 'ব্যবসায়িক স্কুল' । শিক্ষার নামে এসব বাণিজ্যিক স্কুলগুলোতে চলছে গলাকাটা ফির (৪ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

### ঐতিহ্যবাহী স্কুলের

(প্রথম পৃষ্ঠার পর)

নামে অর্থ আদায়ের মহোৎসব । অব্যবস্থাপনার টেউ লেগেছে নগরীর সরকারী স্কুলগুলোতেও । ফলে নতুন প্রজন্মের কোমলমতি শিক্ষার্থীদের একটা বড় অংশ রয়েছে ভয়াবহ ঝুঁকির মুখে । সরকারী একটি স্কুলের শিক্ষার্থীরা ছড়িয়ে পড়েছে মাদকের মরণশোষে খুন খারাবিতে । বাড়ছে বখাটেপনা ও স্কুল ফাঁকি দেয়ার প্রবণতাও । টিফিনের পর বেশিরভাগ স্কুল ফাঁকা হয়ে পড়ছে । স্কুলে পাঠদানের বদলে শিক্ষকদের মনোযোগ কোচিং বাণিজ্য ও বাসায় প্রাইভেট টিউশনি নিয়ে । এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় শিক্ষাবিদরা । এমনভাবেই কিছুটা নড়েচড়ে উঠেছে স্থানীয় শিক্ষা বিভাগের কর্মকর্তারা । পরিস্থিতি কতটা ভয়াবহ তা পর্যবেক্ষণে মাঠে কাজ শুরু করেছেন জেলা শিক্ষা অফিসের কর্মকর্তা । ময়মনসিংহের জেলা শিক্ষা অফিসার রফিকুল ইসলাম জানান, এমপিওভুক্ত বেসরকারী স্কুল পরিচালনা কমিটির ঋণদারি এবং শিক্ষকদের চরম অস্বাস্থ্যকর কোচিং বাণিজ্য ও প্রাইভেট টিউশনি প্রবণতার কারণেই বেশিরভাগ স্কুল এখন মরণদশায় উপনীত হয়েছে । অনুমোদন নেই এরকম ৬৫টি উইফোড স্কুল পনাতের পর ইতোমধ্যে ৪৫টি স্কুল সম্পর্কে শিক্ষা অধিদফতরে পর্যবেক্ষণ প্রতিবেদন পাঠানোর কথাও জানান এই শিক্ষা কর্মকর্তা । ময়মনসিংহ সদরে এমপিওভুক্ত সরকারী অনুমোদনপ্রাপ্ত স্কুল রয়েছে ৭৭টি । এই হিসেবে ময়মনসিংহ সদরে বেসরকারী মাধ্যমিক স্কুলের সংখ্যা ১৪২টি । এত বিপুলসংখ্যক স্কুলের প্রয়োজনীয়তা নিয়েও এখন প্রশ্ন উঠেছে ।

স্থানীয় সূত্রগুলো আরও জানায়, শিক্ষক নিয়োগে দুর্নীতি, কোন্দল দলাদলিসহ কোচিং সেন্টার ও প্রাইভেট টিউশনিতে ছড়িয়ে পড়া অদক্ষ শিক্ষকদের পাঠদানে অনীহা ও স্থানীয় কর্তৃপক্ষের নজরদারির অভাবে ময়মনসিংহের এমপিওভুক্ত নামকরা বেসরকারী স্কুলগুলোর শিক্ষা ব্যবস্থায় মারাত্মক ধস দেখা দিয়েছে । বিশেষ করে স্কুল প্রধান ও সহকারী শিক্ষকদের পাঠদানে আন্তরিকতার অভাব এবং প্রতিষ্ঠানের প্রতি কোন দরদ না থাকায় নগরীর বেশিরভাগ নামকরা স্কুলে শিক্ষার্থী সঙ্কটে অচলবস্থা বিরাজ করছে । প্রভাব পড়ছে ফলাফলেও । প্রবাহ বিদ্যা নিকেতন ও রাধা সুন্দরী স্কুলে শিক্ষার্থীর উপস্থিতির হার এতটাই কম যে তা জানাতে বিবৃত শিক্ষকরা । এমপিওভুক্ত এই দুটি স্কুল কার্যত বন্ধ নাকি চালু এ নিয়ে সন্দেহান স্থানীয় শিক্ষা কর্মকর্তারা স্কুলে শিক্ষক নিয়োগ বন্ধ রেখেছে । এমনিতেই এসব স্কুলে উপস্থিতির হার কম, তারওপর টিফিনের পর একদম ফাঁকা হয়ে পড়ছে । এ সময় স্কুলে কোন শিক্ষককেও খুঁজে পাওয়া যায় না । নগরীর প্রাণকেন্দ্রের সিটি কলেজিয়েট, প্রবাহ বিদ্যা নিকেতন ও রাধা সুন্দরী স্কুলে এ সময় মাদকাসক্তরা নিরাপদ ভেবে শেয়ার আড্ডা ছমিয়ে তুলছে । স্থানীয় একাধিক প্রবীণ শিক্ষক অভিযোগ করে জানান, এমপিওভুক্ত বেসরকারী এসব স্কুলের বেশিরভাগই দুর্নীতিতে নিমজ্জিত । স্কুল পরিচালনা কমিটি কর্মকর্তাদের সঙ্গে মোটা অঙ্কের টাকা লেনদেন ছাড়া কোন স্কুল শিক্ষক নিয়োগ পেয়েছেন এমন নজির নেই ! মোটা অঙ্কের টাকা দিয়ে অনৈতিক পন্থায় নিয়োগ পাওয়া এসব শিক্ষকদের অনেকেই কোচিং ও প্রাইভেট টিউশনি বাণিজ্যে জড়িত । এর বাইরে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের সরকারী বরাদ্দের বই ও এসএসসি পরীক্ষার সুযোগ দিয়েও হাতিয়ে নিচ্ছে মোটা অঙ্কের অর্থ । কোচিং সেন্টারের কাছে শিক্ষার্থী ভাড়া দিয়ে কতিপয় স্কুলপ্রধান মাসোহারা নিচ্ছেন বলে প্রচার রয়েছে । মুসলিম হাই স্কুলসহ বেশ কয়েক স্কুলপ্রধানের বিরুদ্ধে এমন অভিযোগ রয়েছে । নৈতিক অবক্ষয়ের চরম শিখরে পৌঁছা এমন শিক্ষকদের কাছ থেকে ভাল কিছু আশা করা যায় না । এরকম নানা উদাহরণ দিয়ে অবসরপ্রাপ্ত স্থানীয় প্রবীণ শিক্ষকরা জানিয়েছেন, এসব কারণে ডুবতে বসেছে ময়মনসিংহের এককালের নামকরা স্কুলগুলো । বিদ্যমান ব্যবস্থাপনায় এসব প্রতিষ্ঠানের ঘুরে দাঁড়ানোর আর কোন সূক্ষমতা নেই বলে মনে করেন প্রবীণ শিক্ষকরা । ময়মনসিংহের বিশিষ্ট শিক্ষাবিদ ও স্থানীয় মুকুল নিকেতন স্কুলের রেজিষ্টার এখাপক আমির

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
সং. পরিপেখ্যান বিভাগ	
উ.সং. ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
ডি.এ.	
কার্যার্থে/স্বাক্ষর	